গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

**মে ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৬-০৫-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | বেলা- ১২.১৫ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ'। |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

আলোচ্যসূচি-১ : **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

আলোচনা : সভায় উপস্থাপিত এপ্রিল ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার এনজিও প্রতিনিধিগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি-২ : **আরডিআরএস বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত কমিউনিটি হেলথ্ প্রোগ্রামের আওতায় মা ও শিশু স্বাস্থ্য, যক্ষা-কুষ্ঠ ও আই কেয়ারের কার্যক্রম চলছে। এছাড়া স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতিদিন বিস্কুট বিতরণ কাজ চলমান রয়েছে। রিড প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার মোট ১৩২ টি প্রাথমিক বিদ্যালয়ে ১ম হতে ৩য় শ্রেণির শিক্ষার্থীদের পঠণ দক্ষতা বৃদ্ধির কাজ চলছে। এছাড়াও তিনি জানান যে, সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩ : **সলিডারিটি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সলিডারিটি এসএফএসসিপি প্রকল্পের আওতায় রৌমারী ও রাজিবপুর উপজেলায় ৬ টি ভিডিসির মাধ্যমে ৬০০ জনকে বন্যাকালীন সময়ে প্রায় ৩০০০ কেজি চাল বিতরণ করা হয়েছে; যা তারা নিজেরাই নিজেদের ভিডিসিতে জমা করেছিলেন। কুড়িগ্রাম সদর উপজেলায় ENRICH প্রকল্পের মাধ্যমে ঘোগাদহ ইউনিয়নে যুব সমাজ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ চলমান রয়েছে। এ ছাড়াও তিনি আরো জানান যে, সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৪ : **মুসলিম এইড এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এপ্রিল ২০১৭ মাসে তাদের সংস্থা ৪টি প্রকল্প নাগেশ্বরী উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পসমুহের মধ্যে (১) ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৪৮ জন সদস্যকে ১১,৬০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে, (২) স্যানিটেশন কার্যক্রমের আওতায় মোটিভেশন প্রোগ্রামের মাধ্যমে ১টি পরিবারে ১টি টিউবয়েল এবং ১টি পরিবারে ১টি লেট্রিন স্থাপন করা হয়েছে, (৩) দারিদ্র বিমোচন কার্যক্রম চলমান আছে এবং (৪) শিক্ষা কার্যক্রম এর আওতায় Rainbow family project -এর মাধ্যমে ৩জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীর প্রত্যেককে ১,৯৩০/- টাকা করে মোট ৫,৭৯০/- টাকা প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচি-৫ : **টিএমএসএস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জোন নিয়ন্ত্রিত PRIME কর্মসূচির আওতায় ১২ টি শাখায় স্বাস্থ্য সেবা ও শিক্ষা কর্মসূচি চালু রয়েছে। প্রতিটি শাখায় ১ জন করে প্যারামেডিকস স্টাফ ও ২জন করে CHP-এর মাধ্যমে মানুষের স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। প্রাইম প্রকল্পের আওতাধীন ১২ টি শাখার মাধ্যমে ১২ জন ডিপ্লোমাধারী ও প্রশিক্ষণ প্রাপ্ত অভিজ্ঞ পিওটি দ্বারা সদস্যদের বাড়ী বাড়ী গিয়ে তাদের গবাদী পশুর স্বাস্থ্যসেবাসহ নানা ধরণের গবাদী পশুর স্বাস্থ্যগত দিক সম্পর্কে সচেতনতামূলক পরামর্শ প্রদান করেন। কৃষি পণ্য উৎপাদন, প্রসেসিং, গরু মোটা তাজাকরণ, পোল্ট্রি হ্যাচারী, বাঁশ বেতের কাজ, কেঁচো সার, মোবাইল সার্ভিসিং ও সেলাই ইত্যাদি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য পিকেএসএফ-এর সহায়তায় PRIME ও MFMSF প্রকল্পের অধীনে সদস্যদেরকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করছে। সভায় আরো জানানো হয় যে, টিএমএসএস কুড়িগ্রাম জোন কর্তৃক পরিচালিত ২০ টি শাখায় মোট ৮ ধরণের ঋণ কর্মসূচি পরিচালনা করছে।

আলোচ্যসূচি-৬ : **ব্যুরো বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের এরিয়া ব্যবস্থাপক সভায় অবহিত করেন যে, তার সংস্থা কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/ রাজারহাট/ উলিপুর/ চিলমারী/ নাগেশ্বরী শাখা'র মাধ্যমে ১২,৬২১ জন উপকারভোগীর মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ করছে। এছাড়া সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

চলমান পাতা-২

**আলোচ্যসূচি-৭ : কেডিএবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কেডিএবি'র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কেডিএবি, চিলমারী উপজেলায় ১ টি প্রাথমিক বিদ্যালয় ও ১ টি মাধ্যমিক বিদ্যালয় দেশি বিদেশি শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। কুষ্ঠরোগী পরিবারের অবহেলিত সন্তানদের মাঝে স্টাইপেন্ড প্রদান করা হচ্ছে এবং কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদের গার্মেন্টস প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০ টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সংস্থার মেডিকেল বিভাগ কর্তৃক সর্বসাধারণের মাঝে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে তিনি অবহিত করেন।

**আলোচ্যসূচি-৮ : টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্ প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে জানানো হয়।

**আলোচ্যসূচি-৯ : টেরে ডেস্ হোমস্ ইতালী এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় ১ টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১ টি মোট ২ টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২৩ জন ছেলে এবং ৩৭১ জন মেয়ে মোট ৬৯৪ জনকে শিক্ষা সহায়তা, যেমন- বই, সাদা কাগজ, রেজিস্টার, কলম, সকল ধরনের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান কার্যক্রম চলমান আছে। কুড়িগ্রাম পৌরসভাতে সংস্থার উপকারভোগী পরিবারের ১২ জন ছাত্র/ ছাত্রী ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১০ : গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের ২০১৭-১৮ চক্রের জন্য রাজারহাট উপজেলার ০৭ টি ইউনিয়নে কাজ করছে। উক্ত চক্রের জন্য নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ৩০ এপ্রিল ২০১৭ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৮,৩৭,৪৫০/- টাকা। উক্ত টাকা অগ্রনী ব্যাংক লিঃ, রাজারহাট শাখায় জমা রয়েছে।

**আলোচ্যসূচি-১১ : সচেতন নাগরিক কমিটি (সনাক) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, গত ০৫ এপ্রিল ২০১৭ সনাকের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ১৭ মে ২০১৭ কুড়িগ্রাম সদর হাসপাতালে চত্বরে ইয়েস গ্রুপ একটি ভাম্যমান তথ্য ও পরামর্শ কেন্দ্র পরিচালনা করে। 'স্বচ্ছতা ও জবাবদিহিতা গণতন্ত্রের জন্য অপরিহার্য' এই শ্লোগানকে সামনে রেখে কুড়িগ্রাম পৌরসভার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে ২০ এপ্রিল ২০১৭ জনগণের মুখোমুখি পৌর পরিষদ শীর্ষক এক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে জানানো হয়।

**আলোচ্যসূচি-১২ : ফ্রেন্ডশীপ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। চরাঞ্চলের ০-১৮ মাস বয়সী সকল শিশুরা ইপিআই কার্যক্রমের আওতায় এসেছে। ১২০ টি ইপিআই সেশনে ২৩৮৫ শিশু ও ১১১৭ জন নারীকে সেবা প্রদান করা হয়েছে। ভাসমান হাসপাতালের মাধ্যমে সন্যাসীর চরে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। ০১ টি চক্ষু শিবির পরিচালনা করা হয়েছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৩ : আফাদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : নির্বাহী প্রধান, আফাদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সিডিডি -এর অর্থায়নে শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫ টি ইউনিয়নে এবং Strengthening Capacity and Networking of NSAs and LAs on Disability (SCANED) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। মা ও শিশুমৃত্যু হার হ্রাসকরণ প্রকল্পের আওতায় উবীনীগ এর অর্থায়নে উলিপুর উপজেলায় ৮০ জন গর্ভবতী মাকে পরামর্শ প্রদান করা হয়েছে। ইউএসসিসিবি, কানাডা'র অর্থায়নে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে এআরসি প্রোগ্রামের আওতায় কিশোরীদের নিয়মিত শিক্ষাদান কর্মসূচি, আয়বৃদ্ধিমূলক কর্মসূচি এবং সচেতনতা বৃদ্ধিমূলক নিয়মিত সেশন করা হয়ে থাকে। আফাদ এর গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৪ : ব্র্যাক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্র্যাক প্রতিনিধি কুড়িগ্রাম, সভায় অবহিত করেন যে, মা ও শিশু পরিচর্যা কর্মসূচি, শিক্ষা কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি, কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচি ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় এপ্রিল ২০১৭ মাসে ৪২৬৪ কে জনকে ৯,১৮,৪০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় জমি তৈরি, সার ও বীজ ক্রয় এবং সেচ ও কীটনাশক এবং ফসল সংগ্রহ বাবদ অত্র জেলায় প্রান্তিক চাষীর মাঝে অনুদান প্রদান করেছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

চলমান পাতা-৩

**আলোচ্যসূচি-১৫ : আশা-এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার ০৯ টি উপজেলায় ৪৬টি শাখার মাধ্যমে কর্মকান্ড পরিচালিত হয়। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা সহায়তা প্রদান করা হয় এবং গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী/ আশার সদস্যদের সন্তান/মুক্তিযোদ্ধার সন্তান/ শারীরিক প্রতিবন্ধী/ একই পরিবারের একাধিক শিক্ষার্থী থাকলে সর্বোচ্চ ১০০% বিনা খরচে আশা ইউনিভার্সিটিতে লেখাপড়া করার সুযোগ দেয়া হয়ে থাকে। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা বাবদ প্রতি বছর ৬ লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরন কর্মসূচির অংশ হিসেবে কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী ইউনিয়নে ও পাঁচগাছি ইউনিয়ন, উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও বজরা ইউনিয়নে, ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী ইউনিয়নে, নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়নে এবং ভুরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়নের ১৬৫ টি শিক্ষা কেন্দ্রে ৫২৮০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও সংস্থার গৃহিত সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৬ : মেরী স্টোপস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপোন্ডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে এপ্রিল ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৭ : ছিন্নমুকুল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : নির্বাহী প্রধান, ছিন্নমুকুল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর আওতায় কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় অধিকার বঞ্চিত হতদরিদ্র ও নদী তীরবর্তী জনগোষ্ঠির আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, স্বাস্থ্য, শিক্ষা ও সচেতনতামূলক কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৮ : ঠিকানা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ঠিকানা সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গত জানুয়ারি ২০১৫ মাসে সংস্থার সকল প্রকল্পগুলোর কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে সংস্থায় কোন চলমান প্রকল্প বিদ্যমান নেই।

**আলোচ্যসূচি-১৯ : সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে এপ্রিল ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২০ : সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে এপ্রিল ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২১ : সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-১৮ চক্রের জন্য উলিপুর উপজেলার ০৯ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ৩০ এপ্রিল ২০১৭ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৫,২৯,৪০০/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, রাজারহাট শাখায় জমা রয়েছে। এছাড়াও নাগেশ্বরী এবং কুড়িগ্রাম সদর উপজেলায় জেলা পরিষদের অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিতরণকৃত ৯ টি হুইল চেয়ার ও ৬ টি রিক্সা গ্রহণকারী উপকারভোগী প্রতিবন্ধীদের কার্যক্রম সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।

**আলোচ্যসূচি-২২ : এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কমিউনিটি মোবিলাইজার, এসিডি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম পৌরসভা ও রাজারহাট উপজেলা এলাকায় Strengthening Tobacco Control in Rajshahi & Rangpur Division প্রকল্প এর আওতায় কার্যক্রম যথারীতি পরিচালনা করছে।

**আলোচ্যসূচি-২৩ : গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২ টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্যসেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে। এপ্রিল ২০১৭ মাসে উলিপুর উপজেলায় ৫৫ জন ও নাগেশ্বরী উপজেলায় ৬০ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২৪ : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা**

আলোচনা : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় সংস্থার কার্যক্রম সম্পর্কে অবহিত করে বলেন, SHOUHARDO3, CIRDV, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, EIE প্রকল্পসমূহ বাস্তবায়িত হয়ে আসছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২৫ : ইসলামিক রিলিফ বাংলাদেশ, উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, Alternative Orphan Family Sponsorships programme through Sustainable livelihoods (ALO-IRUK) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার বুড়াবুড়ী, দূর্গাপুর, পান্ডুল, হাতিয়া, দলদলিয়া ও ধরনীবাড়ী ইউনিয়নের প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৭৫০ টি পরিবারকে নানা ধরণের সচেতনতামূলক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। ৭৫০ টি হতদরিদ্র অসহায় পরিবার নিজেদের ব্যবস্থাপনায় এ পর্যন্ত প্রায় ১৫,০৪,৩৭০/- টাকা সঞ্চয় জমা করেছে। ৫২ টি স্বাবলম্বন দলের সাপ্তাহিক সভায় বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম রোধ, যৌতুক প্রতিরোধ ইত্যাদি বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। উল্লিখিত কাজের পাশাপাশি সংস্থার অন্যান্য কার্যক্রমও যথারীতি চলছে।

চলমান পাতা-৪

আলোচ্যসূচি-২৬ : **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা কর্তৃক ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়। জেন্ডার বিষয়ে সচেতনা বৃদ্ধির জন্য কমিউনিটি পর্যায়ে ৫৪ টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৭ : **ঐকুমেনী ডেভলপমেন্ট ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ঐকুমেনী ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলায় কমিউনিটি বেইজড হেলথ্ এন্ড নিউট্রিশন সার্ভিসেস প্রোগ্রাম (সিবিএইচএনএসপি) ও সহযোগিতামূলক ঋণ ও সঞ্চয় কর্মসূচি (এফসিপি) বাস্তবায়ন করছে। সিবিএইচএনএসপি প্রকল্পে এপ্রিল ২০১৭ মাসে ৫৫ জন উপকারভোগীর প্রাথমিক স্বাস্থ্যসেবা, ১৯ জন গর্ভবতী মায়ের চেক আপ ও বাল্য বিবাহ নিরসনে ০৫ টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে অবহিত করা হয়।

আলোচ্যসূচি-২৮ : **প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার ৮টি ইউনিয়নে বালু চরে মিষ্টি কুমড়া চাষের উপর ২১০১ জনকে প্রশিক্ষণ ও উপকরণ সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিটি পরিবার প্রায় ৪৮০-৫৫০ টি করে কুমড়া পেয়েছে। উৎপাদিত কুমড়া বাজারজাতের জন্য গ্রুপ গঠন ও দেশ-বিদেশের সাথে যোগাযোগ স্থাপন করা হচ্ছে। ইতিমধ্যে কুয়েতে ৪৩ মেঃটন মিষ্টি কুমড়া রপ্তানী করা হয়েছে। এছাড়া তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৯ : **গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসাসেবা প্রদান করছে। এপ্রিল ২০১৭ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ২ জন,পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ২৮ জন এবং ১ টি প্রচারনা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠিকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৩০ : **গণউন্নয়ন কেন্দ্র-এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গণ উন্নয়ন কেন্দ্র একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মানের উন্নয়নের জন্য ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। বর্তমানে উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জেলা- গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, বগুড়া, জয়পুরহাট, জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। দারিদ্র্য ও দূযোর্গপ্রবণ এলাকার মানুষের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি যেমন- তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিত করা, নেতৃত্ববিকাশ, সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা স্বাস্থ্য, স্যানিটেশন, দুযোগ ব্যবস্থাপনা, আয়মূলক কার্যক্রম, প্রতিবন্ধীদের উন্নয়ন, শিশু সুরক্ষা ও জন সচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়াও সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩১ : **বাংলাদেশ মহিলা পরিষদ, শিশু পল্লী প্লাস, বকুলতলী মহিলা সংসদ, সিসিডিবি, এসিডি, কিরারা নো কাই, গ্রাম উন্নয়ন কেন্দ্র, সুশীলন, এসো দেশ গড়ি, ,অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে**

আলোচনা : বাংলাদেশ মহিলা পরিষদ, শিশু পল্লী প্লাস, বকুলতলী মহিলা সংসদ, সিসিডিবি, এসিডি, কিরারা নো কাই, গ্রাম উন্নয়ন কেন্দ্র, সুশীলন, এসো দেশ গড়ি, ,অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩২ : **বিবিধঃ**

আলোচনা : (১) সভাপতি বুরো বাংলাদেশ, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য ধন্যবাদ জানান।

(২) আগামী সভায় আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মতিক্রমে অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

(৩) কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত যে সকল এনজিও/সংস্থা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদান করেননি, তাদেরকে নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা, চলতি মাসের মধ্যে জমা প্রদানপূর্বক সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪ জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন। কিছু সংখ্যক এনজিও/সংস্থা কর্তৃক ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি দাখিল না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।

(৪) সংস্থার ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করার জন্য সভাপতি অনুরোধ করেন এবং সকল সংস্থাকে তাদের স্বীয় কার্যক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) নিজ ওয়েবপেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

(৫) সভাপতি বলেন, এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সঙ্গে যাতে overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-৫

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৫ | এনজিওসমূহের কার্যক্রম মনিটরিং-এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত যে সমস্ত এনজিও এখনও ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা ও চলতি ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা জমাপূর্বক জমা প্রদানের রশিদ দাখিল করেনি, সে সমস্ত এনজিওকে চলতি মাসের মধ্যে ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | আগামী সভায় আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৮ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ৯ | এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | বেসরকারি পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে জেলা ও উপজেলা ইনোভেশন টিম এবং জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত হয়ে জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে স্ব স্ব সংস্থার তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ত্রাণ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করে সব এনজিও নিজেদের মধ্যে সমন্বয় সাধন করে কার্যক্রম বাস্তবায়ন করবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৫/১৭

(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৩.১৭ - ৪৮৫(৭৫)

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪
২২ মে ২০১৭

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
০৪। ..........................................................................
..........................................................................

২২/৫/১৭

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

# এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় উপস্থিতি

সভার তারিখঃ ১৬/০৫/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম | স্বাঃ |
| ২ | জনাব শামীমা সুলতানা, সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, | স্বাঃ |
| ৩ | জনাব মোঃ কামরুল ইসলাম, ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪ | জনাব শীতেন দেব, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৫ | জনাব কিশোর কুমার সরকার, গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৬ | জনাব মোঃ আবু সাঈদ, জেলা প্রতিনিধি, ব্র্যাক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৭ | জনাব প্রদীপ কুমার, টিডিএস, ইতালী | স্বাঃ |
| ৮ | জনাব মোঃ আজিজুল হক, শাখা ব্যবস্থাপক, মুসলিম এইড বাংলাদেশ নাগেশ্বরী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৯ | জনাব জি এম আতিকুর রহমান, কেডিএবি, চিলমারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১০ | জনাব মোঃ মাজহারুল ইসলাম, এলাকা সমন্বয়কারী, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম। | স্বাঃ |
| ১১ | জনাব মোঃ মনজুরুল ইসলাম, ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১২ | জনাব মোঃ মিজানুর রহমান, আশা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৩ | জনাব মেরী রুমি হালদার, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৪ | জনাব মোঃ ফজলুল হক, ঠিকানা সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৫ | জনাব মোঃ দুলাল হোসেন, শাখা ব্যাবস্থাপক, গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৬ | জনাব মোঃ মহব্বত হোসেন ফারুক, ই এস ডি ও | স্বাঃ |
| ১৭ | জনাব নন্দিতা চক্রবর্তী, বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৮ | জনাব এস এম মুতাকাব্বিরুল হক, প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৪ | জনাব মোঃ কবির হোসেন, শিশু পল্লী প্লাস | স্বাঃ |
| ২৫ | জনাব মোঃ আব্দুল হক, বকুলতলী মহিলা সংসদ, ভূরুংগামারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৬ | জনাব মোঃ আনিছুর রহমান, শাখা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৭ | জনাব মোঃ শফিউল ইসলাম, আরডিআরএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৮ | জনাব মোর্শেদা বদরুন্নেছা বীথী, প্রকল্প পরিচালক সলিডারিটি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৯ | জনাব আজহার আলী, মানব কল্যান সংস্থা, ফুলবাড়ী | স্বাঃ |
| ৩০ | জনাব সৌমেন দাস, টি আইবি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩১ | জনাব জাহেদুল ইসলাম, ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, সদর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩২ | জনাব মোঃ বাবুল করিম, সিসিডিবি | স্বাঃ |
| ৩৩ | জনাব মোঃ রুহুল আমিন, ম্যানেজার, কিরানা নো কাই | স্বাঃ |
| ৩৪ | জনাব সোহেল আরমান, ম্যানেজার, সন্ধান, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৫ | জনাব আঃ রহমান মন্ডল, প্রোগ্রাম ম্যানেজার, গ্রাম উন্নয়ন কেন্দ্র, চিলমারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৬ | জনাব সাইদা ইয়াসমিন, এএফএডি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৭ | জনাব মোঃ মিজানুর রহমান, সুশীলন | স্বাঃ |
| ৩৮ | জনাব ফকরুল ইসলাম, ফ্রেন্ডশীপ ,কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৯ | জনাব লাইজু বেগম, এমজেএসকেএস | স্বাঃ |
| ৪০ | জনাব আলমগীর সরকার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪১ | জনাব মোঃ ফিরোজ আলম, এসো দেশ গড়ি | স্বাঃ |
| ৪২ | জনাব বিবেকান্দ অধিকারী, জেলা ব্যবস্থাপক, টিডিএস ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৩ | জনাব মোঃ দুলাল, অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৪ | জনাব মাহমুদা শারমিন, দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৫ | জনাব উত্তম কুমার সরকার, ওডিএফ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৬ | জনাব তৌহিদুল ইসলাম, এ্সিডি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪৭ | জনাব এস এম হাবিবুর রহমান, টিএমএসএস, কুড়িগ্রাম | স্বাঃ |

## এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় অনুপস্থিতি

সভার তারিখঃ ১৬/০৫/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | জীবিকা,কুড়িগ্রাম | |
| ২ | কেয়ার বাংলাদেশ, | |
| ৩ | বিডিএসসি, কুড়িগ্রাম | |
| ৪ | সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রাম | |
| ৫ | উদ্দীপন, কুড়িগ্রাম | |
| ৬ | এইড কুমিল্লা, কুড়িগ্রাম | |
| ৭ | কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম | |
| ৮ | উদয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম | |
| ৯ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১০ | সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রাম | |
| ১১ | চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | |
| ১২ | সিড়ি, কুড়িগ্রাম | |
| ১৩ | তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রাম | |
| ১৪ | জনকল্যাণ কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ১৫ | হাতিয়া উন্নয়ন সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১৬ | সফট, কুড়িগ্রাম | |
| ১৭ | উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ১৮ | স্কীলফুল- সুইসকন্টাক্ট, কুড়িগ্রাম | |
| ১৯ | জেলা সমন্বয়কারী, প্রুফস আইডিই, কুড়িগ্রাম | |
| ২০ | পিদিম ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম | |